



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
বালিয়াপুকুর, রাজশাহী।

টেলিফোন : ৭৭৫৮১৬, ৭৭৬২৮০
ফ্যাক্স : ৮৮০-৭২১-৭৭৩৫৯২
ই-মেল : bsb.raj.bd@gmail.com
web : www.bsb.gov.bd


রেশম সূতা বিক্রির দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন মিনিফিলেচার কেন্দ্রে উৎপাদিত রেশম সূতা বিক্রির জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে নিজস্ব প্যাডে/সাদা কাগজে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নের ছক ও শর্তাবলী মোতাবেক ফাইন ও ডুপিয়ন রেশম সূতা ক্রয়ের জন্য নিজস্ব প্যাডে/সাদা কাগজে দরপত্র দাখিল করতে হবে।

ক্যাটাগরী	রেশম সূতার বিবরণ	মোট পরিমাণ (কেজি)	একক দর (টাকা)	মোট মূল্য	মন্তব্য
ভাদুরী/১৪২২ ও অগ্রহায়ণী/১৪২২ ক্রপের রেশম সূতা	ফাইন সূতা	২০৭.০০ (কম/বেশী)			
	ডুপিয়ন সূতা	৭১.০০(কম/বেশী)			

শর্তাবলীঃ

- (১) দরপত্র আগামী ৩১-০১-২০১৬ তারিখ বেলা ১২-০০ টা পর্যন্ত ক) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, রাজশাহী খ) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী গ) আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা ঘ) জেলা রেশম সম্প্রসারণ কার্যালয়, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ ঙ) জেলা রেশম সম্প্রসারণ কার্যালয়, ময়মনসিংহ চ) চাঁপাইনবাবগঞ্জ রেশম বীজাগার কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ছ) ঈশ্বরদী রেশম বীজাগার কার্যালয়, পাবনা এবং জ) উপজেলা রেশম সম্প্রসারণ কার্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ এ রক্ষিত টেন্ডার বাজে ফেলিতে হবে।
- (২) নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবেনা।
- (৩) প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিনই বেলা ১২-৩০ টায় উল্লেখিত কার্যালয়সমূহে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- (৪) কমপক্ষে ৫(পাঁচ) কেজি ফাইন/৫ (পাঁচ) কেজি ডুপিয়ন সূতা (ফাইন ও ডুপিয়ন সূতার দর পৃথক পৃথক ভাবে) ক্রয়ে আগ্রহী ক্রেতাগণ দরপত্র দাখিল করতে পারবেন।
- (৫) দরপত্রে ফাইন ও ডুপিয়ন সূতার দর পৃথকভাবে উল্লেখ করতে হবে।
- (৬) প্রতি কেজি সূতার একক দর এবং মোট মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- (৭) একাধিক দরদাতার দর একই হলে সে ক্ষেত্রে লটারির মাধ্যমে দরদাতা নির্বাচন করা হবে।
- (৮) দরপত্রের সাথে মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী এর অনুকূলে উদ্ধৃত মোট মূল্যের ১০% অর্থ (ফেরৎযোগ্য) যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জামানত হিসেবে জমা দিতে হবে। জামানতের অর্থ দরপত্রের সাথে দাখিল করা না হলে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- (৯) রেশম সূতার নমুনা ও গুণাগুণ অফিস চলাকালীন সময়ে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী হতে দেখা যাবে।
- (১০) দরপত্র বিবেচিত/গৃহীত না হলে তাৎক্ষণিকভাবে জামানতের টাকা ফেরৎ দেয়া হবে।
- (১১) কার্যদেশ প্রাপ্ত সফল দরদাতাকে সূতার মূল্যের সাথে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ৪% এবং উৎসে কর ৫% প্রদান করে কার্যদেশ প্রদানের ১০(দশ) দিনের মধ্যে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী হতে সূতা গ্রহণ করতে হবে।
- (১২) সরকার কর্তৃক টেন্ডার/নিলামকৃত পণ্যের উপর ভ্যাট ও উৎসে কর ট্রাস/বৃদ্ধির প্রজ্ঞাপণ জারী করা হলে সে মোতাবেক ক্রেতার নিকট হতে ভ্যাট ও উৎসে কর আদায়যোগ্য হবে।
- (১৩) কার্যদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে সূতা সরবরাহ গ্রহণে ব্যর্থ হলে দরপত্রের সংগে দাখিলকৃত জামানতের অর্থ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- (১৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- (১৫) কর্তৃপক্ষ অনুমোদিত দরে সূতা বিক্রির সময়সীমা পরিবর্তন/বাতিল করতে পারবেন।
- (১৬) দরদাতাগণের নির্ধারিত চাহিদা পূরণের পর অবশিষ্ট সূতা কর্তৃপক্ষ নিজস্ব এখতিয়ার বলে বিক্রয়ের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ মাহবুবুর রহমান)
প্রধান উৎপাদন ও বাজারঃ কর্মকর্তা(অঃদাঃ)

ও
সদস্য-সচিব, সঞ্চালিত টেন্ডার কমিটি
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।